তারিখ 17 MAR 2015
পৃষ্ঠা ৩ কলাম ৫

প্রথম আলো

হাইকোর্টের রুল

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে দ্বিতীয়বার ভর্তি পরীক্ষা কেন নয়

নিজস্ব প্রতিবেদক ●

ঢাকা বিশ্ববিদ্যালয়ে দ্বিতীয়বার ভর্তি পরীক্ষা দেওয়ার সুযোগ কেন দেওয়া হবে না, তা জানতে চেয়ে রুল দিয়েছেন হাইকোর্ট।

বিচারপতি ফারাহ মাহবুব ও বিচারপতি কাজী মো. ইজারুল হক আকন্দের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ গতকাল সোমবার একটি রিট আবেদনের প্রাথমিক শুনানি নিয়ে এ রুল দেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দ্বিতীয়বার ভর্তি পরীক্ষা দেওয়ার সুযোগ বাতিল করে নেওয়া সিদ্ধান্ত কেন অবৈধ ঘোষণা করা হবে না, তা-ও রুলে জানতে চাওয়া হয়েছে। উপাচার্য, রেজিস্ট্রার, ভর্তি কমিটির আহ্বায়কসহ আটজনকে দুই সপ্তাহের মধ্যে রুলের জবাব দিতে বলা হয়েছে।

উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা এত দিন টানা দুবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় অংশ নেওয়ার সুযোগ পেতেন। কর্তৃপক্ষ জানায়, ২০১৫-১৬ শিক্ষাবর্ষ থেকে ভর্তি পরীক্ষায় অংশ নিতে পারবেন শুধু ওই বছরের উচ্চ মাধ্যমিকে উত্তীর্ণ শিক্ষার্থীরা। অর্থাৎ চলতি বছর থেকে এ সিদ্ধান্ত কার্যকর হওয়ার কথা। এ সিদ্ধান্ত চ্যালেঞ্জ করে ১২ মার্চ হাইকোর্টে আবেদন করেন দ্বিতীয়বার ভর্তি পরীক্ষায় অংশ নিতে ইচ্ছুক ২৬ জন শিক্ষার্থীর অভিভাবক। গতকাল আবেদনকারীদের পক্ষে শুনানি করেন সুব্রত চৌধুরী ও এ কে এম জগলুল হায়দার আফ্রিক। রাষ্ট্রপক্ষে ডেপুটি অ্যাটর্নি জেনারেল আমাতুল করিম।